# আগুন–ককটেল হামলা দমনে ডিএমপির কঠোর নির্দেশ



সংগৃহীত ছবি

রাজধানীতে যানবাহনে আগুন দেওয়া ও ককটেল নিক্ষেপের ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও কঠোর হতে নির্দেশ দিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। তিনি জানিয়েছেন, হামলাকারীরা পুলিশ বা সাধারণ মানুষের ওপর আক্রমণ করলে আত্মরক্ষার্থে তাৎক্ষণিকভাবে প্রতিহত করার পাশাপাশি প্রয়োজনে গুলিও চালানো যাবে।

রোববার (১৬ নভেম্বর) বিকেলে বেতার বার্তায় মাঠের পুলিশ সদস্যদের উদ্দেশে তিনি এই নির্দেশনা দেন।

এর আগে ১১ নভেম্বর চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) কমিশনার হাসিব আজিজও অস্ত্রধারী সন্ত্রাসীদের দেখামাত্র গুলি করার নির্দেশ দিয়েছিলেন। গত আগস্টেও তিনি একই ধরনের সতর্ক বার্তা দিয়েছিলেন।

সম্প্রতি মানবতাবিরোধী অপরাধের মামলায় শেখ হাসিনার বিচার ঘিরে দেশের বিভিন্ন স্থানে বাসে আগুন দেওয়া ও ককটেল হামলার ঘটনা বেড়ে যাওয়ায় পুলিশ এমন কঠোর অবস্থানে গেছে।

LENS ASIA